আজকের কাগজ

তারিখ ...10 AUG 1991
পৃষ্ঠা ২ কলাম ৪

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে পুলিশ কর্তারা জানিয়েছেন

# সুনির্দিষ্ট নির্দেশের অভাবে পুলিশ তৎপর হতে পারছে না

পদস্থ পুলিশ কর্মকর্তারা গতকাল চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সঙ্গে তার বাসভবনে দেখা করেছেন। আমাদের সংবাদদাতা সাগর বিশ্বাস বিশ্ববিদ্যালয় সূত্রের উদ্ধৃতি দিয়ে জানায়, অনির্ধারিত এই বৈঠকে পুলিশ কর্মকর্তারা সরকারি সুনির্দিষ্ট নির্দেশের অভাবে তৎপর হতে পারছেন না বলে উপাচার্যকে জানিয়েছেন।

উপাচার্য পুলিশ কর্মকর্তাদের জানান, বিশ্ববিদ্যালয়ে পুলিশী অভিযানের জন্যে কোনো নির্দেশের দরকার পড়ে না। কেননা গত ৪ এপ্রিল সিন্ডিকেটের ২৫৬তম সভার ৩৬ নং সিদ্ধান্ত অনুযায়ী ক্যাম্পাসে অস্ত্র উদ্ধার ও অস্ত্রধারী গ্রেফতারের ব্যাপারে বিশ্ববিদ্যালয় প্রশাসনের পূর্ব অনুমতি ছাড়াই পুলিশ যথাযথ ব্যবস্থা নিতে পারবে। তাই বর্তমান পরিস্থিতি নিরসনে পুলিশ যে কোনো ব্যবস্থা নিতে পারে।

এদিকে একই ব্যাপারে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শতাধিক সাধারণ শিক্ষক বৃহস্পতিবার এক বিবৃতিতে উপাচার্য ক্যাম্পাসে সন্ত্রাসীদের বিরুদ্ধে অভিযান চালাতে দিচ্ছে না বলে একটি মহল যে বিবৃতি দিয়েছে তার তীব্র নিন্দা করেছেন। অন্যদিকে গতকালও উপাচার্যের বাসভবন শতাধিক শিবির কর্মী ঘেরাও করে রাখে। তারা উপাচার্যের সঙ্গে রেজিস্ট্রারকেও দেখা করতে দেয়নি। গতকাল রেজিস্ট্রার স্বাক্ষরিত এক পত্রে সিন্ডিকেট সভায় সন্ত্রাস দমনে পুলিশকে দেয়া ক্ষমতা বিস্তারিতভাবে উল্লেখ করা হয়েছে।

সর্বদলীয় ছাত্রঐক্য গতকাল এক বিবৃতিতে জানায়, ২২ ডিসেম্বর ঘটনার নায়কদের গ্রেফতারের ব্যাপারে প্রশাসনের অবহেলাই আজ ১০ দিন যাবত উপাচার্যকে তার বাসভবনে অবরুদ্ধ হওয়ার মত পরিপ্রেক্ষিত সৃষ্টি করেছে। সরকারের রহস্যজনক নীরবতার উল্লেখ করে বিবৃতিতে আরো বলা হয় যে, কোনো পরিস্থিতির জন্যে সরকারই দায়ি থাকবে।